

নম নম নম বাঙলা দেশ মম
চির-মনোরম চির-মধুর।
বুকে নিরবধি বহে শত নদী
চরণে জলধির বাজে নুপুর ॥
শিয়রে গিরিরাজ হিমালয় প্রহরী
আশিস-মেঘবারি সদা তার পড়ে ঝরি
যেন উমার চেয়ে এ আদরিণী মেয়ে
ওড়ে আকাশ ছেয়ে মেঘ চিকুর ॥
গ্রীষ্মে নাচে বামা কাল-বোশেখী ঝরে
সহসা বরষাতে কাঁদিয়া ভেঙ্গে পড়ে
শরতে হেসে চলে শেফালিকা-তলে
গাহিয়া আগমনী গীতি বিধুর ॥
হরিত চঞ্চল হেমন্তে দুলায়ে
ফেরে সে মাঠে মাঠে, শিশির-ভেজা পায়ে,
শীতের অলস বেলা পাতা ঝরার খেলা
ফাগুনে পরে সাজ ফুল-বধুর ॥
এই দেশের মাটি জল ও ফুল ফলে,
যে রস যে সুখা নাহি ভূমণ্ডলে,
এই মায়ের বুকে হেসে খেলে সুখে
ঘুমাব এই বুকে স্বপ্নাতুর ॥